# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

১৪২৮-১৪২৯ বঙ্গাব্দ

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইটঃ www.ntrca.gov.bd

**বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২**

**প্রকাশকাল**

**১২ অক্টোবর, ২০২২**

**প্রধান উপদেষ্টা**

**জনাব মোঃ এনামুল কাদের খান**

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ।

**উপদেষ্টা**

**জনাব এ এস এম জাকির হোসেন (যুগ্মসচিব)**

সদস্য (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ।

**জনাব এ বি এম শওকত ইকবাল শাহীন (যুগ্মসচিব)**

সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ।

**সম্পাদনা পরিষদ**

| | |
|---|---|
| জনাব মোঃ ওবায়দুর রহমান, সচিব, এনটিআরসিএ | - আহ্বায়ক |
| প্রফেসর দিলসাদ চৌধুরী, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | - সদস্য |
| প্রফেসর দীনা পারভীন, উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) | - সদস্য |
| জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) | - সদস্য |
| জনাব শারমিন সুলতানা, সহকারী পরিচালক (প্রশাসন) | - সদস্য সচিব |

**সহযোগিতায়-**

জনাব মোঃ নূর আলম, ডাটা এন্ট্রি অপারেটর, এনটিআরসিএ

জনাব মোঃ আরিফুল ইসলাম, প্রকাশনা সহকারী, এনটিআরসিএ

**প্রচ্ছদ ও ডিজাইন**

এনটিআরসিএ

**প্রকাশনায়**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

ওয়েবসাইট : www.ntrca.gov.bd

ই-মেইল : office@ntrca.gov.bd



**চেয়ারম্যান** (অতিরিক্ত সচিব)
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

# মুখবন্ধ

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। জাতির পিতার উদ্যোগে প্রণীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে গণমুখী ও সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার কথা বলা আছে। স্বাধীনতার পর পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উদ্যোগে একটি গণমুখী আধুনিক ও বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রণয়নের জন্য প্রখ্যাত বিজ্ঞানী ও শিক্ষাবিদ ড. মুহম্মাদ কুদরাত-ই- খুদার নেতৃত্বে দেশের প্রথম শিক্ষা কমিশন গঠন করা হয়েছিল। শিক্ষাকে গণমুখী আধুনিক ও বিজ্ঞানভিত্তিক করতে হলে মানসম্মত শিক্ষা প্রয়োজন। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর চার নম্বর লক্ষ্যে মানসম্মত অংশগ্রহণমূলক ও জীবনব্যাপী শিক্ষার কথা বলা আছে। মানসম্মত শিক্ষার জন্য দক্ষ ও মেধাবী শিক্ষক এর কোনো বিকল্প নেই।

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়নের জন্য ২০০৫ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫ এর মাধ্যমে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (Non-Government Teachers' Registration & Certification Authority (NTRCA) প্রতিষ্ঠা করা হয়। এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ। উক্ত আইনের আওতায় যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়নের জন্য ২০০৬ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা প্রণয়ন করা হয়। প্রাথমিক পর্যায়ে উক্ত বিধিমালার আওতায় নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে উত্তীর্ণ প্রার্থীদের নির্দিষ্ট মেয়াদের জন্য প্রত্যয়ন পত্র প্রদান করা হত। তার ভিত্তিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগ প্রদান করত।

শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখের একটি পরিপত্রের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শূন্য পদে মেধারভিত্তিতে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ-কে প্রার্থী নির্বাচনের দায়িত্ব প্রদান করা হয়। উক্ত পরিপত্রের আলোকে চাহিদা ও মেধারভিত্তিতে এনটিআরসিএ কর্তৃক যোগ্য শিক্ষক নির্বাচন করে নিয়োগ সুপারিশের পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি অথবা গভর্নিং বডি নিয়োগ প্রদান করে। এনটিআরসিএ দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শূন্য পদের চাহিদা নিয়ে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে মেধারভিত্তিতে শিক্ষক নির্বাচন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করে আসছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য মেধাবী শিক্ষক নির্বাচনের মাধ্যমে শিক্ষার মানোন্নয়নের পাশাপাশি এনটিআরসিএ বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী বেকার সমস্যা দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এনটিআরসিএ সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে মেধা ও যোগ্যতার ভিত্তিতে এ পর্যন্ত ৮০,৬৬৮ জন শিক্ষককে নিয়োগ সুপারিশ প্রদান করেছে। এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। ২০২১-২০২২ অর্থবছরে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী এনটিআরসিএ শিক্ষক নিবন্ধন পরীক্ষার জন্য নতুন সিলেবাস প্রণয়ন ও হালনাগাদকরণ, নিবন্ধন পরীক্ষা গ্রহণ এবং নিয়োগ সুপারিশের জন্য গণবিজ্ঞপ্তি জারির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এনটিআরসিএ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের কার্যক্রমসমূহ সর্বসাধারণের নিকট তুলে ধরার জন্য এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রতিবেদনের মাধ্যমে এনটিআরসিএ-র কার্যক্রমসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। এ প্রতিবেদন তৈরি ও প্রকাশের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

EOKhan
**(মোঃ এনামুল কাদের খান)**
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।

# সূচিপত্র


| | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ০১. | এনটিআরসিএ'র পরিচিতি | - | ০৫-০৮ |
| ০২. | এনটিআরসিএ'র কার্যাবলি ও অনুবিভাগভিত্তিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | - | ০৯-১১ |
| ০৩. | শিক্ষক নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ সুপারিশ কার্যক্রমের প্রক্রিয়া | - | ১২-১৩ |
| ০৪. | ২০২১-২০২২ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ | - | ১৪-১৯ |
| ০৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) | - | ২০-৪১ |
| ০৬. | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম | - | ৪২-৪৯ |
| ০৭. | ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি | - | ৫০-৫২ |
| ০৮. | ২০২১-২০২২ অর্থবছরে আয় ও ব্যয়ের বিবরণ | - | ৫৩-৫৪ |
| ০৯. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার তথ্যাদি | - | ৫৪-৫৭ |
| ১০. | বিভিন্ন অনুষ্ঠান/কার্যক্রমের আলোকচিত্র | - | ৫৮-৭৯ |
| ১১. | উপসংহার | - | ৮০ |

## এনটিআরসিএ'র সংক্ষিপ্ত পরিচিতি ও অবস্থান

মানসম্মত শিক্ষা অর্জনে প্রয়োজন দক্ষ মানবসম্পদ। মানবসম্পদ তৈরির অন্যতম কারিগর মেধাবী ও দক্ষ শিক্ষক। মেধাবী, দক্ষ, সৃজনশীল ও যোগ্য শিক্ষক ব্যতীত মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব নয়। শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫ এর অধীনে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠিত হয়। এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ। ইংরেজিতে এ প্রতিষ্ঠানের নাম Non-Government Teachers' Registration & Certification Authority (NTRCA)।

এ কর্তৃপক্ষের পরিচালনা ও প্রশাসন একটি নির্বাহী বোর্ডের উপর ন্যস্ত। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ আইনের ৪নং ধারা অনুযায়ী কর্তৃপক্ষ যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করতে পারবে নির্বাহী বোর্ডও সে সকল ক্ষমতা এ কার্য সম্পাদন করতে পারবে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ১০ ধারা অনুযায়ী কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন করে। কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত শিক্ষকদের তালিকায় অন্তর্ভুক্ত, নিবন্ধিত ও প্রত্যয়নকৃত না হলে কোন ব্যক্তি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হন না।

এনটিআরসিএ সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্যপদসমূহে শিক্ষক নিয়োগের লক্ষ্যে যোগ্য ও মেধাবী শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগের সুপারিশ প্রদান করে। সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে অনলাইনে প্রার্থীদের আবেদন গ্রহণ করে নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগ সুপারিশের কার্যক্রমটি পরিচালনা করা হয়।

আইন অনুযায়ী এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং এ কর্তৃপক্ষের প্রধান কার্যালয় থাকবে ঢাকা। বর্তমানে এ কর্তৃপক্ষের কার্যালয়টি ঢাকাস্থ রমনা থাকার ইস্কাটন গার্ডেন রোডের রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ারে অবস্থিত।

## ভিশন :

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

## মিশন :

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধা তালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিকুইজিশন গ্রহণ এবং প্রাপ্ত শূন্যপদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধারভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূন্যপদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

**কর্তৃপক্ষের কার্যাবলি :**

- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক চাহিদা নিরূপণ;
- শিক্ষকতা পেশায় নিয়োগ প্রদানের যোগ্যতা নির্ধারণ;
- জাতীয়ভাবে শিক্ষকমান নির্ধারণ, যোগ্যতা নিরূপণ এবং এতদসম্বন্ধীয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নির্বাচণের সুবিধার্থে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান;
- শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রয়োজনীয় পরীক্ষা ও দ্বি-নকল সনদ প্রদান এবং বিভিন্ন খাতে ফি আদায়;
- শিক্ষকতা পেশার উন্নয়ন এবং গুণগতমান বৃদ্ধির জন্য সরকারকে পরামর্শ প্রদান;
- আন্তর্জাতিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষাগত যোগ্যতার মান যাচাই ও শিক্ষাগত পেশায় অন্তর্ভুক্তি;
- এই আইন বলবৎ হবার পূর্বে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে মান উন্নয়নের ব্যবস্থা নিশ্চিতকরণ;
- উপর্যুক্ত কার্যাবলি এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন করা;
- বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন এবং
- সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**কর্তৃপক্ষের কার্যাবলি :**

- শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১২/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্র এর মাধ্যমে এ কর্তৃপক্ষকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদে মেধার ভিত্তিতে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য প্রার্থী সুপারিশ প্রদানের দায়িত্ব দেয়া হয়।
- এনটিআরসিএ কর্তৃক গৃহীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় এ পর্যন্ত উত্তীর্ণ ৬,৩৪,১২৭ জন নিবন্ধন সনদধারীদের সম্মিলিত জাতীয় মেধা তালিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সম্মিলিত জাতীয় মেধা তালিকার ভিত্তিতে শূন্যপদ পূরণের সুপারিশকরণ কার্যক্রম চলমান রয়েছে।

**এনটিআরসিএ'র অধিক্ষেত্র :**

- বেসরকারি নিম্নমাধ্যমিক বিদ্যালয়;
- মাধ্যমিক বিদ্যালয়;
- মাধ্যমিক সংযুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়;
- উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান;
- উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান;
- ভোকেশন শিক্ষা প্রতিষ্ঠান;
- টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান;
- দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ এবং
- সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত।

**উদ্দেশ্য :**

- শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগ প্রদান;
- বিধি দ্বারা নির্ধারিত প্রতিযোগিতামূলক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠান এবং উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়ন সনদ প্রদান
- সম্মিলিত জাতীয় মেধা তালিকার ভিত্তিতে নিবন্ধিত ও প্রত্যয়নকৃত শিক্ষক-প্রার্থীগণের তালিকা/পুল প্রণয়ন ও সংরক্ষণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক পদে নিয়োগের জন্য মেধার ভিত্তিতে সুপারিশকরণ;
- এনটিআরসিএ আইন বলবৎ হওয়ার পূর্বে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে তাঁদের মান উন্নয়ন ও নিবন্ধন প্রদান;
- শিক্ষক মান উন্নয়নেir মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্পন্ন ও যোগ্য শিক্ষক নিয়োগের লক্ষ্যে যথোপযুক্ত শিক্ষকমান (Teachers' Standard) নির্ধারণ; এবং
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে মেধার ভিত্তিতে সুপারিশ প্রদানের মাধ্যমে শিক্ষার গুণগত মানের সার্বিক উৎকর্ষ সাধনে কার্যকর ভূমিকা রাখা।

## বাজেট:

এনটিআরসিএ একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ হওয়ায় অর্থ মন্ত্রণালয় হতে কোন বাজেট বরাদ্দ প্রদান করা হয় না। এনটিআরসিএ'র নিজস্ব আয়ে এ কর্তৃপক্ষ নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি প্রদানসহ যাবতীয় কার্যক্রমে ব্যয় নির্বাহ করা হয়।

প্রতি বছরের শুরুতে বাজেট প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর ব্যয় নির্বাহ করা হয়।

**আয়ের উৎস :** প্রতি বছর শিক্ষক নিবন্ধন পরীক্ষায় আবেদনকারী প্রার্থীদের ফি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে নিবন্ধিত প্রার্থীদের আবেদনকৃত ফি সমূহ এনটিআরসিএ'র তহবিলে জমা হয়।

**এনটিআরসিএ'র প্রশাসনিক কাঠামো, ব্যবস্থাপনা ও জনবল :**

শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/০১/২০০৭ তারিখের শিম/শাঃ/১০/১৪(বেশিনিক জনবল)০৯/২০০৫/৭৯ নং পত্র মূলে এনটিআরসিএ'র জন্য অস্থায়ীভাবে ৮৩ টি পদ সৃজনের সম্মতি প্রদান করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮ জানুয়ারি ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১৪.০০৯.০৫(অংশ)-৫৩ সংখ্যক স্মারকমূলে এনটিআরসিএ'র ৮৩টি পদের মধ্যে ৬৫টি পদ মঞ্জুর করা হয়। বর্তমানে এনটিআরসিএ'র জনবল কাঠামো নিমণরূপ:

| ক্র: নং | অনুমোদিত পদ | স্থায়ী পদ | সংরক্ষণযোগ্য অস্থায়ী পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ৬৯ (৬৫টি পদ এনটিআরসিএ-এর নিজস্ব +০৪টি পদ প্রেষণে নিয়োজিত) | ৪২ | ২৩ | ০৬ | |

প্রতিষ্ঠালগ্ন হতে এ প্রতিষ্ঠান ৩টি অনুবিভাগের মাধ্যমে তার অর্পিত দায়িত্ব সম্পাদন করে চলেছে। প্রশাসন ও অর্থ অনুবিভাগ, শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ এবং পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ শিরোনামে তিনটি অনুবিভাগের আওতায় ২২ জন কর্মকর্তা ও ৫০ জন কর্মচারীর মাধ্যমে প্রতিষ্ঠানটি কাজ করে থাকে। প্রতিটি অনুবিভাগ একজন সদস্য, একজন পরিচালক/সচিব, দুই বা ততোধিক উপপরিচালক এবং একাধিক সহকারী পরিচালকের সমন্বয়ে পরিচালিত হয়। এ প্রতিষ্ঠানটিতে কর্মরত চেয়ারম্যান, সদস্য এবং পরিচালকের পদগুলো প্রেষণে বিসিএস প্রশাসন ক্যাডার সদস্য এবং উপপরিচালক ও সহকারী পরিচালকের অধিকাংশ পদে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা দায়িত্ব পালন করে আসছেন। সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা) পদটিতে প্রেষণে হিসাব ও নিরীক্ষা বিভাগের একজন কর্মকর্তা কাজ করে থাকেন। ৪ জন সহকারী পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা এ প্রতিষ্ঠানের স্থায়ী জনবলের অন্তর্ভুক্ত। স্থায়ী জনবলের নিয়োগ, পদোন্নতি, বদলি, ছুটি, স্থায়ীকরণ, শৃঙ্খলা ইত্যাদি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ দ্বারা নিয়ন্ত্রিত হয়।

# প্রশাসন ও অর্থ অনুবিভাগের তথ্য

**প্রশাসন ও অর্থ অনুবিভাগের তথ্য :**
**কর্মরত কর্মকর্তা :**

| | | |
|---|---|---|
| সদস্য | - | ০১ জন |
| সচিব | - | ০১ জন |
| উপপরিচালক | - | ০২ জন |
| সহকারী পরিচালক | - | ০৫ জন |
| সহকারী প্রোগ্রামার | - | ০২ জন |



**প্রশাসন ও অর্থ অনুবিভাগের কাজ :**

- ❖ প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব;
- ❖ কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পিপিআর ২০০৮ অনুসারে ক্রয় সংক্রান্ত বিষয়;
- ❖ কর্মকর্তা-কর্মচারিদের সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;
- ❖ এনটিআরসিএ'র কর্মকর্তা-কর্মচারিদের Skill Development-এর লক্ষ্যে প্রশিক্ষণ ব্যবস্থাপনা;
- ❖ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- ❖ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন;
- ❖ নির্বাহী বোর্ড সভা, সমন্বয় সভা ও অন্যান্য সভা সম্পর্কিত দায়িত্ব পালন;
- ❖ বিভিন্ন দিবস উদযাপন।

# শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ

**শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের তথ্য:**
**কর্মরত কর্মকর্তা :**

| | | |
|---|---|---|
| সদস্য | - | ০১ জন |
| পরিচালক | - | ০১ জন |
| উপপরিচালক | - | ০২ জন |
| সহকারী পরিচালক | - | ০২ জন |



**শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের কাজ :**

- ❖ শিক্ষক নিবন্ধন পরীক্ষার পাঠ্যসূচির প্রয়োজনীয় পরিবর্তন/পরিমার্জন/সংশোধন/পরিবর্ধন ও নতুন পাঠ্যসূচি প্রণয়ন (যদি প্রয়োজন হয়) ব্যবস্থা গ্রহণ;
- ❖ কর্তৃপক্ষের আইন ও পরীক্ষা বিধিমালা সংশোধন/পরিবর্তন/সংযোজন এর প্রয়োজন হলে ব্যবস্থা গ্রহণ;
- ❖ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগ সুপারিশকরণ;
- ❖ নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- ❖ সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে আইনগত/বিধিগত জটিলতা দেখা দিলে সে বিষয়ে মতামত প্রদান;
- ❖ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- ❖ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন।

# পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের কাজ

**পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের তথ্য :**
**কর্মরত কর্মকর্তা :**

| | | |
|---|---|---|
| সদস্য | - | ০১ জন |
| পরিচালক | - | ০১ জন |
| উপপরিচালক | - | ০১ জন |
| সহকারী পরিচালক | - | ০৩ জন |



**পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের কাজ :**

- ❖ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, পরীক্ষা বিজ্ঞপ্তি প্রদান, অনলাইনে দরখাস্ত গ্রহণ এবং কর্মপরিকল্পনা অনুযায়ী পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন;
- ❖ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নে Question Setter ও Moderator নিয়োগের ব্যবস্থাকরণ এবং সরকারি নিরাপত্তা মুদ্রণালয় থেকে প্রশ্নপত্র মুদ্রণের ব্যবস্থাকরণ;
- ❖ ট্রাংক বিবরণী অনুযায়ী প্রশ্নপত্র ভেন্যুওয়ারী ট্রাঙ্কজাতকরণ ও কেন্দ্রে প্রেরণে ব্যবস্থা গ্রহণ;
- ❖ পরীক্ষার কাজে প্রয়োজনীয় সকল প্রকার সামগ্রী (এমসিকিউ ফরম, উত্তরপত্র, কাগজপত্র, মনোহারী দ্রব্য ইত্যাদি) চাহিদা যথাসময়ে প্রশাসন শাখাকে অবহিতকরণ;
- ❖ উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;
- ❖ সার্টিফিকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ;
- ❖ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কাজ;
- ❖ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- ❖ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত দায়িত্ব পালন।

## শিক্ষক নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ সুপারিশ কার্যক্রম প্রক্রিয়া

### ক. নিবন্ধন ও প্রত্যয়ন :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ১০ ধারা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে এনটিআরসিএ যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন করে। কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত শিক্ষকদের তালিকায় অন্তর্ভুক্ত, নিবন্ধিত ও প্রত্যয়নকৃত না হলে কোন ব্যক্তি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হবে না। ২০০৫ সালের আইনের ক্ষমতাবলে নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়নের জন্য ২০০৬ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ প্রণয়ন করা হয়। ২০১২ সালে উক্ত বিধিমালা সংশোধন করা হয় এবং বিধিমালার নাম সংশোধন করে বেসরকারি শিক্ষক নিবন্ধন, পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা নামকরণ করা হয়। ২০১৫ সালে এ বিধিমালা পুনরায় সংশোধন করা হয়। উল্লিখিত বিধিমালাসমূহের মাধ্যমে ২০০৫ সাল হতে ০১টি বিশেষ নিবন্ধন পরীক্ষাসহ এ যাবত পর্যন্ত ১৭টি নিবন্ধন পরীক্ষা গ্রহণ করা হয়। ২০০৬ সালের পরীক্ষা বিধি অনুযায়ী একই দিনে প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় পাস নম্বর ছিল ৪০। পরবর্তীতে পরীক্ষা বিধিমালা সংশোধনের প্রেক্ষিতে ২০১৫ সালে অনুষ্ঠিত ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা দুইটি পর্যায়ে অনুষ্ঠিত হয়। ১ম পর্যায়ে প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২য় পর্যায়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিধিমালার ২০১২ সালের সংশোধনের পর নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের এ বছরের জন্য প্রত্যয়ন প্রদান করা হতো। ২০১৫ সালের সংশোধন অনুযায়ী নিবন্ধন সনদের মেয়াদ ০৩ বছর করা হয়। পরবর্তীতে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১৬৬টি রিট মামলার ১৪.১২.২০১৭ তারিখের আদেশের মাধ্যমে প্রত্যয়নপত্রের সময়সীমা বাতিল করা হয়। তারপর ২০১৭ সাল হতে শিক্ষক নিবন্ধন পরীক্ষা ৩টি পর্যায়ে (প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক) অনুষ্ঠিত হয়।

### খ. নিয়োগ সুপারিশ :

২০১৬ সালের পূর্বে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি নিয়োগ প্রদান করে। শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্রের মাধ্যমে এনটিআরসিএ-কে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশের দায়িত্ব প্রদান করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শুধুমাত্র এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য জারিকৃত উক্ত পরিপত্রে প্রতি বছর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদা এনটিআরসিএ-তে প্রেরণের ব্যবস্থা করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রতিষ্ঠানের জনবল কাঠামোতে সরকার নির্ধারিত কোটার প্রাপ্যতা উল্লেখপূর্বক এনটিআরসিএ-তে অধিযাচনপত্র প্রেরণ করেন। উক্ত অধিযাচনের ভিত্তিতে এনটিআরসিএ'র ওয়েবসাইটে নিয়োগের বিজ্ঞপ্তি প্রচার করে। প্রার্থীগণ অনলাইনে আবেদন করেন। এনটিআরসিএ অনলাইনে আবেদন প্রাপ্তির পর চাহিদা ও মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের অবহিত রেখে নিয়োগযোগ্য প্রতিটি পদের বিপরীতে ১ জন করে প্রার্থীর নাম অধিযাচনকারী প্রতিষ্ঠানে প্রেরণ করে। অনলাইনে আবেদন গ্রহণ, প্রার্থীদের এসএমএস প্রেরণ, শূন্য পদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ, নিয়োগ সুপারিশের ফলাফল প্রকাশ, নিয়োগ সুপারিশ প্রদান অনলাইন কার্যক্রমসমূহ সম্পাদনের জন্য ২০১৬ সালে টেলিটকের সাথে এনটিআরসিএ'র চুক্তি সম্পাদন করা হয়।

# ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে বিনির্মাণে এনটিআরসিএ'র অবদান

জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নের অংশ হিসেবে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার মান উন্নয়নে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরপেক্ষতার সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করে চলেছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষ, মেধাবী ও যোগ্য শিক্ষক নিয়োগ করতে না পারলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার পর্যায়ে উন্নীত করা সম্ভব হবে না। এ প্রেক্ষিতে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শূন্য পদের চাহিদা সংগ্রহ, সামগ্রিক পরীক্ষা ব্যবস্থা পরিচালনা ও ফলাফল প্রকাশ, জাতীয় মেধার ভিত্তিতে শিক্ষক নির্বাচন করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রবেশ পর্যায়ের (Entry Level) শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদান করা হচ্ছে। সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে এনটিআরসিএ ২০২০ সাল পর্যন্ত ৪৬,০০৮ (ছিচল্লিশ হাজার আট) জন শিক্ষককে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদে নিয়োগের জন্য সুপারিশ প্রদান করে এবং গত ২০/০১/২০২২ তারিখে ৩৪,১৮৯ (চৌত্রিশ হাজার একশত ঊননব্বই) জন শিক্ষককে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়েছে। এছাড়া গত ০৫.০৬.২০২২ তারিখে ১১,৭৬৯ (এগার হাজার সাতশত ঊনসত্তর) জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নির্বাচন করা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদে এ বিপুল সংখ্যক শিক্ষক নিয়োগ সুপারিশের মাধ্যমে ক্রমবর্ধমান বেকারত্ব হ্রাসে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নে এনটিআরসিএ অন্যতম নিয়ামক ভূমিকা পালন করে আসছে। সেবা প্রত্যাশীগণ স্বল্প সময়ে স্বল্প খরচে স্বল্প সাক্ষাতে তাদের কাঙ্খিত সেবা উপভোগ করছে। ফলশ্রুতিতে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির বেকারত্ব হ্রাস, শিক্ষার মানোন্নয়ন, ডিজিটাল ব্যবস্থা প্রবর্তন ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স-এর মতো পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগ সুপারিশে নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখতে এ প্রতিষ্ঠান দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ।

# ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ :

## ০১। শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস হালনাগাদকরণ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর অন্যতম একটি গুরূত্বপূর্ণ কাজ হচ্ছে শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিষয় ভিত্তিক সিলেবাস প্রণয়ন ও যুগোপযোগীকরণ। এরই ধারাবাহিকতায় ১০টি নতুন বিষয়ের (স্কুল পর্যায়: পদার্থ বিজ্ঞান, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান এবং কলেজ পর্যায়: শিশুর বিকাশ, খাদ্য ও পুষ্টি, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন, শিল্পকলা ও বস্ত্রপরিচ্ছদ ও কম্পিউটার বিজ্ঞান) সিলেবাস প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়। এছাড়াও শিক্ষক নিবন্ধন পরীক্ষার কলেজ পর্যায়ের প্রভাষক পদের বিপরীতে কম্পিউটার বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান এবং স্কুল পর্যায়ের সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) পদের বিপরীতে গ্রন্থগার ও তথ্যবিজ্ঞান বিষয়সহ মোট ০৮ (আট) টি বিষয়ের সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ করা হয়।

## ০২. এনটিআরসিএ'র জনবল নিয়োগ :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর রাজস্ব খাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির অফিস সুপারিনটেনডেন্ট পদে ০১ টি, হিসাবরক্ষক পদে ০১ টি এবং স্টোর কিপার পদে ০১ টিসহ মোট ০৩(তিন)টি শূন্য পদে নিয়োগ প্রদান করা হয়েছে। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক এর ০২টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

## ০৩। মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম :

### (ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান) সমূহের প্রবেশ পর্যায়ে (entry level) নিয়োগ সুপারিশ:

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান) সমূহের প্রবেশ পর্যায়ে (entry level) ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় ৩৪১৮৯ জন এবং সেসিপ প্রকল্পের জন্য ৪৭১ জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। এছাড়া গত ০৫/০৬/২০২২ খ্রি: তারিখে ১১৭৬৯ জন প্রার্থীকে সুপারিশের নিমিত্ত প্রাথমিকভাবে নির্বাচন করা হয়।

### (খ) এনটিআরসিএ কার্যালয়ে রাজস্ব খাতে ৩য় শ্রেণির তিনটি ক্যাটাগরিতে ০৩টি শূন্য পদে জনবল নিয়োগ:

এনটিআরসিএ'র নিজস্ব জনবল হিসেবে গত জুলাই ২০২১ মাসে ০৩ জন স্থায়ী কর্মচারীকে (০১ জন স্টোর কিপার, ০১ জন অফিস সুপার ও ০১ জন হিসাব রক্ষক) নিয়োগ প্রদান করা হয়েছে।

### (গ) নিবন্ধন সনদ যাচাই প্রতিবেদন এবং দ্বি-নকল/ সংশোধনী সনদ সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ:

সেবা প্রত্যাশীদের সেবা সহজীকরণের লক্ষ্যে এনটিআরসিএ-এর নিকট বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত শিক্ষকদের নিবন্ধন সনদ যাচাই প্রতিবেদন এবং সনদের দ্বি-নকল/সংশোধনী সনদ সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে।

### (ঘ) ''বঙ্গবন্ধু কর্ণার'' স্থাপন এবং পুস্তক বিতরণ:

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের অংশ হিসেবে এনটিআরসিএ কার্যালয়ে ''বঙ্গবন্ধু কর্ণার'' স্থাপন করা হয়েছে। এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে জাতির পিতার ভাবাদর্শ তুলে ধরার জন্য তাঁর লিখিত 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামচা' এবং 'আমার দেখা নয়াচীন' পুস্তক তিনটি বিতরণ করা হয়েছে।

**(ঙ) লিফলেট, কোটপিন ও পোস্টার বিতরণ :**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির উদ্দেশ্যে এনটিআরসিএ'র কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কোটপিন বিতরণ করা হয়েছে। এনটিআরসিএ'তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত পোস্টার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে মানসম্মত শিক্ষাদানের জন্য মেধাবী শিক্ষকদের নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ'র কার্যক্রম সম্পর্কে লিফলেট প্রকাশ করা হয়েছে।

**(চ) এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত প্রবেশ পর্যায়ের শিক্ষকদের সাথে নিবিড় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে এসএমএস-এর পাশাপাশি ইউনিক ই-মেইল আইডির মাধ্যমে যোগাযোগ স্থাপন :**

এনটিআরসিএ ২০১৬ সাল হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদে চাহিদার ভিত্তিতে সম্মিলিত মেধা তালিকা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শিক্ষকদের নিয়োগের সুপারিশ করে আসছে। মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের সাথে নিবিড় ও দ্রুত যোগাযোগ স্থাপনের অংশ হিসেবে এসএমএস-এর পাশাপাশি ই-মেইল আইডির মাধ্যমে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ইউনিক ই-মেইল আইডি প্রদান করা হয়েছে।

## ০৪। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে এনটিআরসিএ'র গৃহীত কার্যক্রম :

**(ক) জাতীয় কর্মসূচির আলোকে গৃহীত কর্মসূচি :**

০১. খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার নিকট মুক্তিযুদ্ধের বীরত্বগাঁথা শ্রবণ ও মুক্ত আলোচনা।

০২. ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন।

**(খ) অন্যান্য নিজস্ব কর্মসূচি :**

০১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মুক্তিযুদ্ধভিত্তিক আলোকচিত্র প্রদর্শন।

০২. একটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা/চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পুরস্কৃতকরণ।

০৩. রক্তদান কর্মসূচির আয়োজন।

০৪. একটি প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থীদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন।

০৫. অনগ্রসর এলাকার দরিদ্র শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তা প্রদান।

০৬. শারীরিক প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার প্রদান।

০৭. অন্ধ ব্যক্তিদের জন্য সাদা ছড়ি প্রদান।

০৮. জাতির পিতার কর্মময় জীবন ও ৭ই মার্চ এর ভাষণের তাৎপর্য বিষয়ক আলোচনা আয়োজন।

০৯. আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ।

১০. নারীদের জন্য প্রতিষ্ঠিত বৃদ্ধাশ্রমে আর্থিক সহায়তা প্রদান।

## ০৫। ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ এর চূড়ান্ত ফলাফল প্রকাশ :

১১ নভেম্বর, ২০২০ তারিখ ষোড়শ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে ১,৫৪,৬৬৫ জন পরীক্ষার্থী। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা স্কুল-২ পর্যায়ে ১২০৩ জন, স্কুল পর্যায়ে ১৭,১৪০ জন এবং কলেজ পর্যায়ে ৪০৫৫ জনসহ সর্বমোট ২২,৩৯৮ জন। পাশের হার ১৪.৪৮%। উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা বৈশ্বিক করোনা বিবেচনা করে স্বাস্থ্যবিধি মেনে ২ ডিসেম্বর ২০২০ তারিখ হতে শুরু করা হয়। বিভিন্ন সময়ে কোভিড-১৯ পরিস্থিতির জন্য লকডাউনের কারণে মৌখিক পরীক্ষা শেষে পরবর্তীতে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়।

**০৬।  নিয়োগ সুপারিশ প্রদান :**

২০২১-২০২২ অর্থবছরে এনটিআরসিএ'র ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় মোট ৩৪,১৮৯ জন প্রার্থীকে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়। এছাড়া সেসিপ প্রকল্পের আওতায় ৪৭১ জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়। সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে স্বচ্ছতা ও জবাবদিহিতার আওতায় এতো বিপুল সংখ্যক প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদানের মাধ্যমে এনটিআরসিএ সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী বেকার সমস্যা নিরসনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**০৭।  অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা/কর্মশালা/গণশুনানী আয়োজন :**

এনটিআরসিএ কর্তৃক গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। ইত:পূর্বে গৃহীত কার্যক্রমের সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এনটিআরসিএ সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট প্রস্তুতপূর্বক জেলা শিক্ষা অফিসারগণ ও এনটিআরসিএ সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে বিতরণ করা হয়েছে। বিভিন্ন জেলা ও উপজেলা শহরে শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার বিষয়ে অংশীজনদের সঙ্গে সভা/কর্মশালা/গণশুনানী আয়োজন সম্পন্ন করা হয়েছে।

**০৮।  কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ :**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা উন্নয়নের জন্য নির্ধারিত ৬০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ, সভা, কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ই-নথি কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**০৯।  শুদ্ধাচার পুরস্কার প্রদান :**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর অংশ হিসেবে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ এর ক্রমিক ৩(৩.২) অনুচ্ছেদ অনুযায়ী গ্রেড-২ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত একজন করে মোট ০৩(তিন) কর্মচারীকে পুরস্কার প্রদানের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ০১ জন কর্মকর্তা ও ০২ জন কর্মচারীগণকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হয়।

**১০।  এপিএ প্রণোদনা প্রদান :**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণের লক্ষ্যে এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান সংক্রান্ত কার্যক্রম রয়েছে। উক্ত কার্যক্রম অনুযায়ী বর্ণিত অর্থবছরে এপিএ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য প্রনোদনা প্রদানের নিমিত্ত এনটিআরসিএ'র ০১ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়।

**১১।  iBAS++ এর মাধ্যমে বেতন ও ভাতাদি প্রদান :**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কার্যালয়ে প্রেষণে কর্মরত কর্মকর্তাদের iBAS++ এর মাধ্যমে বেতন ও ভাতাদি প্রদান করা হচ্ছে।

## ১২। এনটিআরসিএ'র জনবল নিয়োগ

সিস্টেম এনালিস্ট এর পদটিতে কর্মরত কর্মকর্তা চাকুরি হতে ইস্তফা দেওয়ায় পদটি ৩০ জানুয়ারি, ২০২০ তারিখ হতে শূন্য রয়েছে। উক্ত পদ পূরণের জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান। এছাড়া গত ০৫.০৭.২০২২ তারিখে সিস্টেম এনালিস্ট এর শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত ০১(এক) জন সিস্টেম এনালিস্ট-কে সংযুক্তি প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। যার প্রেক্ষিতে ব্যানবেসইস থেকে ০১ জন সহকারী প্রোগ্রামারকে সংযুক্তি হিসেবে পাওয়া গিয়েছে। সহকারী প্রোগ্রামারের পদটি পদোন্নতির মাধ্যমে পূরণের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে কমিটি গঠনের জন্য মন্ত্রণালয়ে ১৯ জানুয়ারি, ২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। কর্মচারীদের ০৪টি পদের মধ্যে একটি পদ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ০১টি এবং অফিস সহায়ক এর ০১টি পদে নিয়োগের কার্যক্রম সম্পন্ন হয়েছে। হিসাবরক্ষকের ০১টি শূন্য পদে ছাড়পত্র পাওয়া গিয়েছে। কার্যক্রম চলমান আছে। অফিস সহায়কের ০১টি শূন্য পদে নিয়োগের জন্য ছাড়পত্র পাওয়ার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। ০১ টি অফিস সহায়ক পদের বিষয়ে মামলা চলছে।

## ১৩। তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে কার্যক্রম

২০০৯ সালে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ভিশন-২০২১ ও ভিশন-২০৪১ এর Digital Bangladesh রূপকল্প বাস্তবায়নের অংশ হিসেবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশের লক্ষ্যে পরিচালিত যাবতীয় কার্যক্রম Digitalized করা হয়েছে। ২০১২ সাল থেকে এনটিআরসিএ'র নিজস্ব ব্যবস্থাপনায় সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ করা হচ্ছে। Digitalization কার্যক্রমের ক্ষেত্রে এনটিআরসিএ নিম্নবর্ণিত সফলতা অর্জন করেছে:

ক) শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহে প্রার্থীদের আবেদনপত্র পূরণ, ফি জমাকরণ, প্রবেশপত্র প্রদান Online-এ সম্পন্ন করা হচ্ছে।

খ) শিক্ষক নিবন্ধন পরীক্ষার সকল আবেদনপত্রে Barcode যুক্ত করা হয়েছে।

গ) Data Automation-এর মাধ্যমে ভেন্যু List, Roll Generate ও ছবিসহ স্বাক্ষরলিপি তৈরি করা হচ্ছে।

ঘ) দেশের ব্যাপক সংখ্যক নিবন্ধিত শিক্ষক পদপ্রার্থীগণের নিবন্ধন এবং শিক্ষা প্রতিষ্ঠানে তাঁদের নিয়োগ প্রাপ্তি সম্পর্কিত বিস্তারিত তথ্য এনটিআরসিএ'র ICT সেলে সংরক্ষণ করা হচ্ছে।

ঙ) শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ছবিসহ Online-এ ফলাফল প্রকাশ করা হচ্ছে এবং মোবাইলে এসএমএস-এর মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের ফল জানানো হচ্ছে।

চ) এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের Barcode-সম্বলিত সনদ বিতরণ করা হচ্ছে যা নকল ও জালিয়াতি রোধে বিশেষ সহায়ক হচ্ছে।

ছ) নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সমন্বিত মেধা তালিকা ওয়েবসাইটে প্রকাশ ও সময়ে সময়ে হালনাগাদ করা হচ্ছে।

ঞ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-নিবন্ধন করা হচ্ছে।

ট) নিবন্ধিত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদের চাহিদা অনলাইনে সংগ্রহ করা হচ্ছে। বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদার প্রেক্ষিতে নিয়োগের সুপারিশের জন্য অনলাইনে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে ই- অ্যাপ্লিকেশন আহ্বান করা হচ্ছে।

ঠ) প্রার্থীদের পছন্দক্রম ও মেধা তালিকা বিবেচনা করে শূন্য পদের বিপরীতে অনলাইনে নিয়োগের সুপারিশ প্রদান এবং প্রার্থী ও প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস যোগে অবহিত করা হচ্ছে।

ড) এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারিগণকে EFT এর মাধ্যমে এবং প্রেষণে কর্মরত কর্মকর্তাদের iBAS++ এর মাধ্যমে বেতন ভাতা তাদের স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরে সরাসরি স্থানান্তরের ব্যবস্থা চালু করা হয়েছে।

## ২০২১-২২ অর্থবছরে গৃহীত এবং ভবিষ্যতে সম্পাদিত হবে এমন জরুরি কর্মপরিকল্পনার বিবরণ:

### ১। বেসরকারি শিক্ষক নির্বাচন কমিশন (এন.টি.এস.সি) গঠন সংক্রান্ত

জাতীয় শিক্ষানীতি ২০১০ এ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মেধাভিত্তিক ও উপযুক্ত শিক্ষক নির্বাচনের লক্ষ্যে সরকারি কর্মকমিশনের অনুরূপ একটি বেসরকারি শিক্ষক নির্বাচন কমিশন (এন.টি.এস.সি) গঠনের কথা বলা আছে। এন.টি.এস.সি. গঠন করা হলে এন.টি.আর.সি.এ. বিলুপ্ত হবে মর্মেও জাতীয় শিক্ষানীতিতে বলা হয়েছে। এন.টি.এস.সি. গঠনের লক্ষ্যে ২০১৬ সালে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা হয়। তাতে এন.টি.এস.সি. গঠনের লক্ষ্যে আইন প্রণয়নের জন্য একটি কমিটি এবং অর্গানোগ্রাম, জনবল কাঠামো ইত্যাদি প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। পরবর্তীতে ২০১৯ সালে এন.টি.আর.সি.এ থেকে একটি খসড়া আইন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আইনের যে খসড়াটি ইত:পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল তাতে বেশ কিছু ত্রুটি থাকায় খসড়াটি পরিমার্জিত করে প্রস্তুত করা হয়েছে। আইনের খসড়াটি চূড়ান্তকরণের লক্ষ্যে নির্বাহী বোর্ডের সদস্যগণের মতামত গ্রহণের লক্ষ্যে গত ২৫ মে, ২০২২ তারিখ উক্ত খসড়াটি প্রেরণ করা হয়। মতামত সকল সদস্য হতে পাওয়া যায়নি। পূর্ণাঙ্গ মতামত পাওয়া গেলে সংশোধিত খসড়া এন.টি.এস.সি আইন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে।

### ২। আইন ও বিধি সংশোধন

গত ০৯ জুন, ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ-কে আরও শক্তিশালী ও যুগোপযোগী করার জন্য এন.টি.আর.সি.এ. আইন, বিধিমালাসমূহ এবং পরিপত্র যাচাই করে প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন, পরিবর্তন, পরিমার্জনের সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর সংশোধনী প্রণয়ন করে এন.টি.আর.সি.এ. এর নির্বাহী বোর্ডে উপস্থাপন করা হয়েছে। এন.টি.আর.সি.এ. এর নির্বাহী বোর্ডের ৯১তম বিশেষ সভায় প্রস্তাবিত সংশোধিত আইনের খসড়া অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে গত ২৫ এপ্রিল, ২০২২ তারিখ উক্ত খসড়াটি প্রেরণ করা হয়।

## ২০২১-২২ অর্থবছরের মধ্যে অন্তর্ভুক্ত মুজিববর্ষ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং করোনাকালীন উল্লেখযোগ্য কার্যক্রম

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের অংশ হিসেবে এনটিআরসিএ কার্যালয়ে মুজিব কর্ণার স্থাপন, কর্মকর্তা ও কর্মচারিদের মধ্যে জাতির পিতার ভাবাদর্শ তুলে ধরার জন্য তাঁর লিখিত ‘অসমাপ্ত আত্মজীবনী’ এবং ‘কারাগারের রোজনামচা’ পুস্তক দু’টি সকল কর্মকর্তা এবং কর্মচারিদের সরবরাহ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর বর্ণাঢ্য জীবন তুলে ধরে এনটিআরসিএ’র কর্মকর্তা ও কর্মচারিদের মধ্যে লিপলেট, পোষ্টার ও কোটপিন বিতরণ করা হয়। এনটিআরসিএ ২০১৬ সাল হতে সম্মিলিত মেধা তালিকা অনুযায়ী প্রাপ্ত শূন্য পদের চাহিদার ভিত্তিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শিক্ষকদের নিয়োগের সুপারিশ করে থাকে। সুপারিশপ্রাপ্ত প্রবেশ পর্যায়ের শিক্ষকদের সাথে নিবিড় ও দ্রুত যোগাযোগ স্থাপনের অংশ হিসেবে এসএমএস-এর পাশাপাশি ইউনিক ই-মেইল আইডি-তে যোগাযোগ স্থাপনের মাধ্যমে সেবা প্রদান সহজীকরণের উদ্যোগ সম্পন্ন করা হয়েছে। সেবা প্রত্যাশীদের সেবা সহজীকরণের লক্ষ্যে সনদ যাচাই প্রতিবেদনে প্রতিষ্ঠানের নাম, স্মারক ও তারিখ উল্লেখপূর্বক ওয়েবসাইটে উপস্থাপন এবং দ্বি-নকল/সংশোধনী সনদ সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে।

